49

তারিখ 15 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

### সংঘর্ষ গুলী বোমাবাজি

# ঢাকা মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

***ইত্তেফাক রিপোর্ট*** ॥ ডাঃ ফজলে রাব্বী হলের কক্ষের দখল লইয়া ছাত্রদল ও ছাত্রলীগের কর্মীদের সংঘর্ষের পর গতকাল (বুধবার) ঢাকা মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। কলেজ কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ প্রদান করিয়াছেন. সংঘর্ষের কারণ তদন্তের জন্য অধ্যাপক রশিদ-ই-মাহবুবকে চেয়ারম্যান এবং অধ্যাপক তোফায়েল আহমদ ও সহকারী অধ্যাপক মোতাহার হোসেনকে সদস্য করিয়া একটি কমিটি গঠন করা হইয়াছে। গত মঙ্গলবার রাত্র ১২টায় বকসীবাজার ডাঃ ফজলে রাব্বী ছাত্রাবাসে (১১শ পৃঃ দ্রঃ)

### ঢাকা মেডিক্যাল কলেজ

(১ম পৃঃ পর)

২১৭ নং কক্ষটি দখল নিয়া ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। হোস্টেল সুপার ও উভয়দলের নেতৃবৃন্দের হস্তক্ষেপে বিষয়টি মীমাংসা হইয়া যায়। কিন্তু ভোর ৫টায় কক্ষ দখল লইয়া উভয়পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা-ধাওয়া, গুলীবর্ষণ ও বোমাবাজির ঘটনা ঘটে। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। এই ঘটনায় ৩ জন ছাত্রদল কর্মী আহত হয়। আহত পলাশ (২২), সোহেল(২৩) ও এবি সিদ্দিককে (২৪) চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণ করা হয়। কলেজ ও হোস্টেল এলাকায় পুলিশ মোতায়েন করা হইয়াছে।

উল্লেখ্য, গত ১০ই জুলাই কলেজের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে দুইদল ছাত্রের সংঘর্ষের পর কর্তৃপক্ষ কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ এবং ছাত্ররাজনীতি স্থগিত ঘোষণা করেন। পরে কর্তৃপক্ষ ৫ই আগষ্ট কলেজ খুলিয়া দেন। ইহার মাত্র ৯ দিন পর গতকাল পুনরায় সংঘর্ষ ঘটিলে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করা হয়।

ছাত্রলীগ ঢাকা মেডিকেল কলেজ শাখার সভাপতি মশিউর রহমান বিটু ও সাধারণ সম্পাদক আনোয়ারুল হক ফরাজী ওরফে সোহেল গতকাল এক বিবৃতিতে বলেন, ছাত্রদলের আভ্যন্তরীন দ্বন্দ্বের জন্যই ডাঃ ফজলে রাব্বি ছাত্রাবাসে সংঘর্ষ ঘটে। ছাত্রদল ঢাকা মেডিকেল কলেজ শাখার নেতৃবৃন্দ গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেন, ছাত্রলীগের একদল কর্মী লাঠি, রড ও বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্র নিয়া ঐ কক্ষ দখলের চেষ্টা করিলে সংঘর্ষের সূত্রপাত হয়।